

পরীক্ষা

এসএসসি পরীক্ষার্থীদের শেষ মুহূর্তের করণীয়

সাদমান সাদিক শোভন



প্রতীকী ছবি

৩০ এপ্রিল অনুষ্ঠিত হতে যাচ্ছে এসএসসি ও সমমান পরীক্ষা। জীবনের অতিগুরুত্বপূর্ণ একটি পরীক্ষার দ্বারপ্রান্তে লাখে শিক্ষার্থী। কাজিন্ত ও আশানুরূপ ফলাফল অর্জনের জন্য দৃঢ় প্রস্তুতি আগেই সম্পন্ন করে থাকেন শিক্ষার্থীরা। কিন্তু শেষ মুহূর্তে শিক্ষার্থীদের জন্য থাকে কিছু করণীয় দিক, যা ঠিকভাবে পালন করা না হলে ডেকে নিয়ে আসতে পারে বিপর্যয়। সেসব দিক নিয়ে আলোচনা করা হয়েছে আজকের এ লেখায়।

শেষ মুহূর্তে অসুস্থতা পরীক্ষায় একটি বড় প্রভাব ফেলতে পারে। নিয়মিত ঘুম, রাত না জাগা, বেশি করে পানি পান করা, সুষম খাদ্য ও পুষ্টিকর ফল গ্রহণ করা অপরিহার্য। সর্বোপরি নিজের স্বাস্থ্যের যত্ন নেওয়া।

২. শেষ মুহূর্তে হতাশা নয়

প্রস্তুতি যেমনই হোক, তা নিয়ে সামনে এগিয়ে চলতে হবে। অন্যের সঙ্গে নিজের তুলনা করা যাবে না এবং কোনো বিষয় নিয়ে এ মুহূর্তে হতাশা ও বিষাদগ্রস্ত থাকা যাবে না। মানসিক প্রশান্তি অনেক বড় একটি বিষয়। এটি পরীক্ষায় নিজেকে অনেক এগিয়ে রাখতে পারে। প্রস্তুতি যেমনে হোক, আত্মবিশ্বাস যেন থাকে শতভাগ।

৩. গ্যাজেট আসন্তি থেকে সাবধান

পরীক্ষার সময়ে বিভিন্ন ধরনের সামাজিক যোগাযোগমাধ্যম ও গ্যাজেট আসন্তি থেকে নিজেকে দূরে রাখা উচিত। এতে মনোযোগ বিভ্রান্ত হওয়ার সুযোগ থাকে।

৪. নিয়মাবলি মানতে হবে আইনের মতো

পরীক্ষা চলাকালীন শিক্ষা বোর্ডের প্রবেশপথে বেশ কিছু নিয়মাবলি দেওয়া থাকে। সেগুলো আবশ্যিকভাবে পড়া উচিত এবং তা মেনে চলতে হবে। পরীক্ষার হলে প্রবেশের সময়, পরীক্ষা চলাকালীন নিয়মকানুন, পরীক্ষার খাতাসংক্রান্ত নিয়ম সম্পর্কে আগে থেকে পরিষ্কার ধারণা থাকতে হবে। ছোট একটি ভুল অনেক বড় বিপদের কারণ হয়ে যেতে পারে। তাই রোল, রেজিস্ট্রেশন নম্বর, সেট কোডসহ অন্য আনুষঙ্গিক বিষয়গুলো সতর্কতার সঙ্গে পূরণ করতে হবে।

৫. সাজেশনের প্ররোচনা থেকে দূরে থাকা

শেষ মুহূর্তে বিভিন্ন কোচিং সেন্টার ও অনেক শিক্ষক অনেক প্রকার সাজেশন, নোট দিয়ে থাকেন। এগুলো নিয়ে হতাশার কোনো কারণ নেই। সৃজনশীল পদ্ধতিতে শিক্ষাব্যবস্থায় এসব সাজেশন ভিত্তিহীন। শেষ মুহূর্তে যতটা পারা যায় নিজের প্রস্তুতিকে আরও দৃঢ় করে তোলা উচিত। অতিরিক্ত পড়াশোনার কোনো দরকার নেই শেষ মুহূর্তে। নিয়মিত অনুশীলন ও রিপিশনই হোক শিক্ষার্থীদের শেষ মুহূর্তের প্রস্তুতি।

লেখা : সাদমান সাদিক শোভন, শিক্ষার্থী, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুয়েট



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.